গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রশাসন শাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৯ জুলাই ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উপর গুরুত্বারোপ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জনাব মো: আজিজুল ইসলাম সুরক্ষা সেবা বিভাগের ১৫ জুলাই ২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.১৩৬ সংখ্যক পত্র এবং তৎসংযুক্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২১.৩৮০ সংখ্যক পত্রের সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। এ পর্যায়ে সভাপতি জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে সভায় উপস্থিত সকলের মতামত আহবান করেন। জাতীয় শোক দিবস পালনে বিগত বছরের অভিজ্ঞতা ও এ বছর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে সভায় উপস্থিত সকলে মতামত প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

২.১ স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও এর আওতাধীন কার্যালয়সমূহে(বিভাগ ও জেলা পর্যায়ের) ১৫ আগস্ট, ২০২১ তারিখে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতকরে স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন করবে।

২.২ ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। জাতীয় পতাকা যথাযথ মানসম্মত হতে হবে। কোনভাবেই ছেড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না।

২.৩ ১৫ আগস্ট ২০২১ তারিখ সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ বিষয়ে অধিদপ্তরের অংশগ্রহণ নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২.৪ ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে সকাল ১০.০০ ঘটিকায় অধিদপ্তরের সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী প্রধান কার্যালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।

২.৫ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে বেলা ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। অধিদপ্তরের বিভাগীয় পর্যায়ের কার্যালয়সমূহ নিজস্ব ব্যবস্থাপনায় ও নিজ দায়িত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করতে পারে। জেলা পর্যায়ের কার্যালয়সমূহে জেলা প্রশাসনের সাথে সমন্বয়করে কর্মসূচি পালন করবে।

২.৬ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ঢাকা শহরস্থ কার্যালয়সমূহের সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতকরে স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণে জাতীয় শোক দিবসে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিতব্য আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করবেন। আলোচনা সভা ও দোয়া মাহফিলে পর্যাপ্ত মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা রাখতে হবে।

২.৭ জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

২.৮ দোয়া মাহফিল পরিচালনার জন্য পরিচালক (নিরোধ শিক্ষা) যথোপযুক্ত একজন ইমামকে দায়িত্ব প্রদানে ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৯ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে যে ব্যানার ব্যবহার করা হবে তার নমুনা পরিচালক (নিরোধ শিক্ষা) সরবরাহ করবেন।

২.১০ ১৫ আগস্ট, ২০২১ তারিখে জাতীয় শোক দিবসে অধিদপ্তরের অধীনস্থ সকল কার্যালয়ে (বিভাগীয় কার্যালয়, মেট্রো কার্যালয়, জেলা কার্যালয়, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় ও অন্যান্য) যথাযথ মানসম্মত জাতীয় পতাকা যথাযথভাবে অর্ধনমিত রাখতে অধিদপ্তরের বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ নিশ্চিত করবেন।

২.১১ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের ১৫ জুলাই ২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭-১৩৬ সংখ্যক পত্র এবং তৎসংযুক্ত মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয়ে অনতিবিলম্বে প্রেরণ করতে হবে।

২.১২ আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচিতে জাতির পিতার ছবি সম্বলিত সকল পোস্টার ও স্লোগান নির্বাচনের আগে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সম্মতি গ্রহণ করতে হবে।

২.১৩ জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন নিশ্চিতকরণে আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ফলোআপ সভা জুম অনলাইন প্লাটফর্মে অনুষ্ঠিত হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০১.০০৯.২১.২৫

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

২) পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুর্নবাসন/নিরোধ শিক্ষা, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৪) অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।

৫) সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার,, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৭) উপপরিচালক (..........................), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...........................................।

৮) সহকারী পরিচালক (..........................), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।

৯) সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা।

১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২) অফিস কপি।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)